



বিসমিল্লাহির রাহমানির রাহীম
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
সরকারি মাদ্রাসা-ই-আলিয়া
বখশিবাজার, ঢাকা-১২১১



Website : www.dhkgovmalia.edu.bd, E-mail : malia1780dhaka@gmail.com

তারিখ: ৩১/১০/২০২২ খ্রি.

৪ বছর মেয়াদী ফাযিল (অনার্স) শ্রেণিতে ভর্তির বিজ্ঞপ্তি-২০২২

এতদ্বারা সরকারি মাদ্রাসা-ই-আলিয়া, ঢাকা-এর ২০২১-২০২২ শিক্ষাবর্ষে ফাযিল (অনার্স) ১ম বর্ষ ভর্তি পরীক্ষায় ১ম মেধা তালিকায় উত্তীর্ণ শিক্ষার্থীদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, তাদের ১ম বর্ষে চূড়ান্ত ভর্তির কার্যক্রম নিম্নোক্ত তফসিল অনুযায়ী সম্পন্ন করতে হবে। ভর্তির জন্য নিজ বিভাগে যোগাযোগ করতে হবে।

১। ভর্তির তারিখ ও সময়:

মেধাতালিকায় উত্তীর্ণদের ভর্তির কার্যক্রম আগামী ০১/১১/২০২২ তারিখ হতে ১৪/১১/২০২২ তারিখের মধ্যে সম্পন্ন করতে হবে।

২। ভর্তির জন্য প্রয়োজনীয় কাগজপত্র:

- দাখিল ও আলিম পরীক্ষার নম্বরপত্র ও প্রশংসাপত্রের সত্যায়িত ফটোকপি ০২টি করে মোট ০৬টি;
- ০৬ (ছয়) কপি পাসপোর্ট সাইজ ও ০২ (দুই) কপি স্ট্যাম্প সাইজের রঙ্গিন ছবি;
- আলিম পরীক্ষার মূল নম্বরপত্র- এর মূল কপি একটি খামে ভরে জমা দিতে হবে।

৩। ভর্তির ফি সমূহ:

ভর্তির নির্ধারিত ফি অফিস কক্ষে ও সেমিনার ফি বিভাগে জমা দিতে হবে।


৪। ভর্তি কার্যক্রমের জন্য যোগাযোগ:

- আল কুরআন এন্ড ইসলামিক স্টাডিজ বিভাগ : কক্ষ নং ১০৫
- আল হাদিস এন্ড ইসলামিক স্টাডিজ বিভাগ : কক্ষ নং ১০৬
- দাওয়া এন্ড ইসলামিক স্টাডিজ : কক্ষ নং-১০৮
- আরবি ভাষা ও সাহিত্য বিভাগ : কক্ষ নং- ১০৯
- ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিভাগ : কক্ষ নং- ১১১

৫। সবক অনুষ্ঠান:

আগামী ০৮/১২/২০২২ তারিখ রোজ বৃহস্পতিবার সকাল ১০.০০ ঘটিকায় মাদ্রাসার মসজিদে সবক অনুষ্ঠান অনুষ্ঠিত হবে। সবক অনুষ্ঠানে উপস্থিত থাকা বাধ্যতামূলক।

বি: দ্র: মূল আবেদন ফরম স্বহস্তে পূরণ করার পর ১ (এক) সেট ফটোকপি করে মোট ০২ (দুই) সেট আবেদন ফরম তৈরি করতে হবে এবং প্রত্যেক আবেদন ফরমের সাথে এক কপি করে উল্লিখিত কাগজপত্র সংযুক্ত করতে হবে।


(মুহাম্মাদ আবদুর রশীদ)

অধ্যক্ষ (ভারপ্রাপ্ত)

সরকারি মাদ্রাসা-ই-আলিয়া, ঢাকা